সরকারি কর্মচারীগণকে যুগোপযোগী, কার্যকর, অন্তর্ভুক্তিমূলক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে জাতির পিতা বাংলা বিনির্মাণের লক্ষ্যে প্রয়োজনীয় দক্ষ, প্রজ্ঞাবান, দূরদৃষ্টি সম্পন্ন মানব সম্পদের চাহিদা পূরণার্থে আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা কর্তৃক বিভিন্ন প্রশিক্ষণ প্রদান করা হয়। এছাড়া সমসাময়িক বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়াদি সম্পর্কে সেমিনার ও কর্মশালার আয়োজন করা হয়। উন্নত, সমৃদ্ধ, স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে মাঠ পর্যায়ে অধিদপ্তরের ৫৪টি বিভিন্ন ধরনের কর্মসূচিতে কর্মরত (১১-২০ তম গ্রেড) কর্মীদের প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনা করা হচ্ছে। প্রতি কোর্সে ২৫ থেকে ৩০ জনকে প্রশিক্ষণ দেওয়া হয়। এ হিসাবে ৬টি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রে প্রতি বছর আনুমানিক ৪০০০ প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ দেওয়া হয়।